

শিক্ষা ভবনে দুর্নীতিবাজ চক্র বিপাকে ১০৪ কাজের সময় নির্ধারণ

স্টাফ রিপোর্টার। দুর্নীতির আকড়া হিসাবে পরিচিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরে ১০৪ কাজের সময়সীমা বেধে দেয়া হয়েছে। ঘুষ, দুর্নীতি ও হুমকির বন্ধের বশুে দিয়ে গ্রহণ করা হয়েছে এই পদক্ষেপ। যে কোন কাজে শিক্ষা অধিদফতরে আসার পর আবেদন গ্রহণের সময় ফোনাযোগের তারিখ জানিয়ে দেয়া হচ্ছে। আবেদনের জবাব ইতিবাচক বা নেতিবাচক, যাই হোক ঐ তারিখেই জানিয়ে দেয়া হবে। শনিবার থেকে এই গুরুত্বপূর্ণ সিডিউল চালুর পর শিক্ষা ভবনে যেটামুটি শৃঙ্খলা ফিরে এসেছে। এর পাশাপাশি দুর্নীতিবাজ চক্র বিক্ষয় উপায় বৃদ্ধিতে তরু করেয়ে। উল্লেখ্য, শিক্ষা ভবনে দেশের প্রায় ৩০ হাজার মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসার সামগ্রিক কর্মকাণ্ড কেন্দ্রীভূত রয়েছে। জানা যায়, শিক্ষা অধিদফতরে দীর্ঘদিন ধরে চলছে অসহনীয় ঘুষ-দুর্নীতি। ফুলের ছাড়া ফাইল নড়ে না, এমন বদনাম খোঁচানোর উদ্যোগ নিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর কর্তৃপক্ষ। দেখা গেছে, প্রায় ১০৪ কাজের জন্য শিক্ষক-কর্মচারীরা শিক্ষা ভবনে আসেন। প্রতিকাজের জন্য ঘুষের রেটও ঠিক করা রয়েছে। গ্রুফসের দিলারা হাফিজ মহাপরিচালক হিসাবে নিয়োগ পাবার পর এই অধিদফতরের ইমেজ পুনরুদ্ধারের উদ্যোগ নিয়েছেন। এটি কার্যকর হলে নিয়োগ, বদলি,

এমপিওভুক্তি, উচ্চতর স্কেল, টাইম স্কেল, ছুটি, পদায়নসহ বিভিন্ন কাজে শিক্ষা অধিদফতরে লুকোচুরির বিষয়টি কমে আসবে বলে ধারণা করা হচ্ছে। সার্বস্বত্রে নির্ধারিত সময়সীমা অনুযায়ী এমপিওভুক্তি আবেদন জমা দেয়ার তিন সপ্তাহের মধ্যে অবসরের আবেদন জমা দেয়ার পর এক মাস দশ দিনের মধ্যে নিশ্চিতি করতে হবে। এ ছাড়া বিদেশ ভ্রমণের অনুমতি পাবার আবেদন ১৫ দিন, অডিট আণ্ডার জবাব দেবার সময় ৩০ দিন, সরকারী কলেজে পদ সৃষ্টির প্রস্তাব ২৫ দিন, অধ্যক্ষ ও উপাধ্যক্ষ এবং অধ্যাপক বদলির জন্য ২৫ দিন, সরকারী মাধ্যমিক স্কুলে আঞ্চলিক বদলি এক মাস, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় এমপিওভুক্তি কৃষ্টি দিন, চুক্তিভিত্তিক নিয়োগের প্রস্তাব সাত দিন, বেসরকারী কলেজের এমপিওভুক্তি ২০ দিনের মধ্যে নিশ্চিতি হবে। এভাবে প্রতিটি কাজের সময়সীমা নির্ধারণ করে দেয়ার পাশাপাশি শিক্ষা ভবনে গ্রুবেশে কড়াকড়ি আগ্রহণ করা হয়েছে। অধিদফতরের উপপরিচালক গাউসুল আজম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে অধিদফতরের সৃষ্টি ও সূন্দর পরিবেশ বজায় রাখা এবং জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সাক্ষাত প্রার্থীকে টোকেন সপ্তাহ করে দর্শনার্থী কক্ষে অপেক্ষা এক পাস সপ্তাহ নিয়ে যেতরে তরুতে বলা হয়েছে।